



বিজ্ঞানমনস্ক জাতি গঠনে প্রতিশ্রুতিবদ্ধ  
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
ওয়েবসাইট: www.nmst.gov.bd



স্মারক নং: ৩৯.০৩.০০০০.০০৫.৯৯.১৫৩.১৭.৫২৭/৩

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪৩০  
১৫ মে ২০২৩

**বিষয়ঃ গ্যালারী এ্যাটেনডেন্ট জনাব মোঃ শাহিন 'এর উপর আরোপিত দণ্ডসমূহ পুনঃনিরীক্ষণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে কর্মরত গ্যালারী এ্যাটেনডেন্ট জনাব মোঃ শাহিন তাঁর উপর আরোপিত বিভাগীয় মামলা ১/২০১৯ এবং বিভাগীয় মামলা ২/২০২১ পুনঃনিরীক্ষণের জন্য মহাপরিচালক মহোদয় বরাবর ২০/০২/২০২৩ ইং তারিখ আবেদনপত্র দাখিল করেন। বিভাগীয় মামলা নম্বরঃ ১/২০১৯ 'এর প্রেক্ষিতে ১২/১১/২০১৯ তারিখের ৩৯.০৩.০০০০.০০৫.৪.০০১.১৭.৬২০ নং স্মারকমূলে জারীকৃত অফিস আদেশের মাধ্যমে তাঁকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ 'এর ৩৮ (১) (ক) (আ) বিধি মোতাবেক "বার্ষিক বেতন বৃদ্ধি ১ বছরের জন্য স্থগিত রাখার লঘুদণ্ডপ্রদান করা হয় এবং বিভাগীয় মামলা নম্বরঃ ২/২০২১ এর প্রেক্ষিতে গত ০৮/১১/২০২১ ইং তারিখের ৩৯.০৩.০০০০.০১১.২৭.০০১.২১.৪৩৫ নং স্মারকমূলে জারীকৃত আদেশের মাধ্যমে তাঁকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ 'এর ৩৮ (১) (ক) (অ) দফা মোতাবেক "তিরস্কার" লঘুদণ্ড প্রদান করা হয়। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ 'এর ৪৭ (২) মোতাবেক তিনি দণ্ড প্রদানের ০৩ (তিন) মাসের মধ্যে পুনঃনিরীক্ষণের আবেদন করেননি।

এমতাবস্থায়, বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন না করায় তাঁর উপর অদ্যাবধি বলবৎ দণ্ডসমূহ পুনঃনিরীক্ষণ তথা পুনঃবিবেচনা করার সুযোগ নেই।

মহাপরিচালকের পক্ষে

(এ. কে. এম. লুৎফুর রহমান সিদ্দীক)  
পরিচালক

ফোন: ০২-৫৮১৬০৬১৩

ই-মেইল: infonmst@gmail.com

জনাব মোঃ শাহিন  
গ্যালারী এ্যাটেনডেন্ট  
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।

**বিতরণঃ**

- ১। সিনিয়র কিউরেটর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।
- ২। উপপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।
- ৩। কিউরেটর (সকল), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।
- ৪। ৯ম গ্রেডের কর্মকর্তা (সকল), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। গ্যালারী এ্যাসিস্ট্যান্ট (সকল), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অফিস কপি।